আজকের কাগজ

তারিখ 07 [illegible] 1994
পৃষ্ঠা ৬ কলাম ৭

01

## উপবৃত্তির টাকা কোথায় গেল?

নারী শিক্ষা সম্প্রসারণের জন্যে বাংলাদেশ সরকার বর্তমানে যে সমস্ত উদ্যোগ গ্রহণ করেছেন তা সত্যি প্রশংসনীয়। তার মধ্যে অষ্টম শ্রেণী পর্যন্ত বিনা বেতনে স্কুলে পড়ালেখার ব্যবস্থা, বৃত্তি প্রদান তাছাড়া মেয়েদের আরো উৎসাহিত করার জন্যে উপবৃত্তি প্রদান করেছেন। আমাদের জানা মতে, কেরানীগঞ্জ থানা এলাকায় জিঞ্জিরা পীর মোঃ পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়সহ আরো কয়েকটি স্কুলের ছাত্রীরা উপবৃত্তির টাকা পায়নি। শোনা যাচ্ছে, দেশের প্রায় প্রতিটি থানা এলাকায় উপবৃত্তির টাকা ছাত্রীরা পেয়ে গেছেন। কিন্তু আমাদের কেরানীগঞ্জ থানা এলাকার কয়েকটি স্কুলের ছাত্রীরা এ পর্যন্ত কোন্ কারণে উপবৃত্তির টাকা পাচ্ছে না তা আমাদের বোধগম্য নয়। কর্তৃপক্ষের নিকট বিশেষভাবে অনুরোধ করছি যাতে দ্রুত এ সমস্যার সমাধান করা হয়।

**মোঃ জাকির হোসেন**
*মেসার্স টিপটপ কোম্পানি*
*জিঞ্জিরা বাস রোড*
*কেরানীগঞ্জ, ঢাকা।*